আলীরটেক ইউনিয়ন পরিষদ
ALIRTEK UNION PARISHAD

ডাকঘর : আলীরটেক ১৪২১, থানা : নারায়ণগঞ্জ সদর, জেলা : নারায়ণগঞ্জ

চেয়ারম্যান : আলহাজ্ব মোহাম্মদ জাকির হোসেন

টেলিফোন : +৮৮ ০২ ৭৬৩৩২৮৩, +৮৮ ০২ ৭৬৩২৫৮। মোবাইল : +৮৮ ০১৭২৬ ২৫৯ ৪০৩

ই-মেইল: alirtek1up@gmail.com, ওয়েব: www.alirtekup.narayanganj.gov.bd

সূত্র নঃ আ.ই.প/২০২৪/১৫০ তারিখঃ০৭.০৭.২০২৪

বরাবর,

উপজেলা নির্বাহী অফিসার,
নারায়ণগঞ্জ সদর,
নারায়ণগঞ্জ।

বিষয়ঃ আলীরটেক ইউনিয়ন পরিষদের ২০২৪-২০২৫ইং অর্থবছরের ক্রয় পরিকল্পনা জমা প্রদান প্রসঙ্গে।

জনাব,

উপরোক্ত বিষয়ের আলোকে আলীরটেক ইউনিয়ন পরিষদের ২০২৪-২০২৫ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা প্রস্তুত করে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে আপনার কার্যালয়ে প্রেরন করা হইল।

অনুলিপিঃ
০১। অফিস কপি
০২। নোটিশ বোর্ড

০৭.০৭.২০২৪ইং
মোহাম্মদ জাকির হোসেন
চেয়ারম্যান
আলীরটেক ইউনিয়ন পরিষদ
নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ।

নিয়মিত কর পরিশোধ করুন। আপনার সন্তানকে স্কুলে পাঠান। গাছ লাগান পরিবেশ বাঁচান।

আলীরটেক ইউনিয়ন পরিষদ

উপজেলাঃ নারায়ণগঞ্জ সদর, জেলাঃ নারায়ণগঞ্জ।

সূত্র:-আ/ই/প/২০২৪/ তারিখঃ ৩০/০৬/২০২৪ইং

সভার কার্য বিবরনী ঃ -

সভার স্থান ঃ আলীরটেক ইউনিয়ন পরিষদ কার্যালয়

সভার তারিখ ঃ ৩০/০৬/২০২৪

সময় ঃ সকাল ১০: ০০ মি:

অর্থ বছর: ২০২৪-২০২৫

উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষর ঃ

ক্রঃ নং	উপস্থিত সদস্য গনের নাম	পদবী	স্বাক্ষর	মন্তব্য
০১	মোহাম্মদ জাকির হোসেন	চেয়ারম্যান	স্বাক্ষরিত	
০২	আকলিমা	সংরক্ষিত আসনের সদস্য ১,২,৩	স্বাক্ষরিত	
০৩	কহিনুর	সংরক্ষিত আসনে সদস্য ৪,৫,৬	স্বাক্ষরিত	
০৪	রুমা বেগম	সংরক্ষিত আসনের সদস্য ৭,৮,৯	স্বাক্ষরিত	
০৫	মো: জাকির হোসেন	সা: সদস্য-১	স্বাক্ষরিত	
০৬	ওসমান গনি	সা: সদস্য-২	স্বাক্ষরিত	
০৭	সোহেল মিয়া	সা: সদস্য-৩	স্বাক্ষরিত	
০৮	রওশন আলী	সা: সদস্য-৪	স্বাক্ষরিত	
০৯	মোহাম্মদ আব্দুল মান্নান	সা: সদস্য-৫	স্বাক্ষরিত	
১০	ফিরোজ মিয়া	সা: সদস্য-৬	স্বাক্ষরিত	

১১	আব্দুল ওহাব	সা: সদস্য-৭	স্বাক্ষরিত	
১২	মো: মোক্তার হোসেন	সা: সদস্য-৮	স্বাক্ষরিত	
১৩	মো: শাহিন রাজু	সা: সদস্য-৯	স্বাক্ষরিত	
১৪	মোঃ সম্রাট আহম্মেদ	সচিব	স্বাক্ষরিত	

আলোচ্য বিষয়: ১। ক্রয় সংক্রান্ত কমিটি গঠন।
২। ক্রয় নীতিমালা প্রনয়ণ।
৩। ক্রয় পরিকল্পনা প্রনয়ণ।
৪। দরপত্র বাছাই কমিটি গঠন।

আলোচ্য সূচী	আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত	বাস্তবায়নে
সভাপতির আসন গ্রহন	অদ্যকার সভায় অত্র পরিষদের চেয়ারম্যান জনাব, মোহাম্মদ জাকির হোসেন সভাপতির আসন গ্রহন করেন এবং উপস্থিত সকল সদস্যাগনকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।		
১-নং সূচী	সভাপতি মহোদয় জানান যে, ইউনিয়ন পরিষদ একটি সরকারী প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠান সাধারণ জনগন থেকে শুরু করে সকল শ্রেনী পেশার মানুষকে নানাবিধ সেবা প্রদান করে থাকে। আর সকল সেবা প্রদান করার জন্য প্রত্যেক অর্থিক বছরে নানা রকম প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয় করতে হয়। যেহেতু এ ক্রয় সরকারী ক্রয় তাই এ ক্রয় করার জন্য একটি ক্রয় সংক্রান্ত কমিটি গঠন করা আবশ্যক। এছাড়াও ক্রয় নীতিমালা (সরকারী বিধি মোতাবেক) এবং ইউপির চলতি অর্থ বছরের জন্য একটি ক্রয় পরিকল্পনা করতে হবে।	অতপর এ বিষয়ে সভায় বিস্তারিতভাবে আলোচনা করা হয় এবং আলোচনান্তে নিম্নোক্ত ভাবে ক্রয় কমিটি , ক্রয় সংক্রান্ত নিতিমালা ও ক্রয় পরিকল্পনা প্রনয়নের সিদ্ধান্ত সর্ব সম্মতিতে গৃহীত ও অনুমোদিত হইল।	

ক্রয় সংক্রান্ত কমিটিঃ

ক্রঃ নং	নাম	সামাজিক পদবী	কমিটিতে পদবী	মন্তব্য
০১	জনাব, মোহাম্মদ জাকির হোসেন	চেয়ারম্যান	সভাপতি	
০২	জনাব, মোঃ সম্রাট আহম্মেদ	সচিব	সদস্য সচিব	
০৩	জনাবা, আকলিমা	সংরক্ষিত আসনে সদস্য ১,২,৩	সদস্য	
৪	জনাব, ওসমান গনি	সদস্য-২	সদস্য	
৫	জনাব, মোঃ মোক্তার হোসেন	সদস্য-৮	সদস্য	

ক্রয় সংক্রান্ত নিতিমালা	বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম দ্বারা দেশের অর্থনৈতিক অগ্রগতি ত্বরান্বিত হয়ে থাকে। আর এ উন্নয়ন মূলক কার্যক্রম বিভিন্ন উন্নয়ন প্রকল্পের মাধ্যমে বাস্তবায়ন করা হয়ে থাকে। এ সকল উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করার জন্য বিভিন্ন প্রকার ক্রয় করা হয়। এ সকল ক্রয় ব্যবস্থা প্রনয়ন স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা একান্ত প্রয়োজন। এ স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্যই বাংলাদেশ সরকার ইতিমধ্যে ক্রয় প্রক্রিয়া যথেষ্ঠ সংস্কার এনেছেন এবং এর ফলাফল হিসেবে ২০০৩ সালে পাবলিক প্রক্রিউরমেন্ট রেগুলেশন ২০০৩ নামে গন খাতে ক্রয় ব্যাবস্থা চালু করে। পরবর্তী সময়ে পাবলিক প্রক্রিউরমেন্ট অ্যাক্ট ২০০৬ নামে গন খাতে ক্রয় সংক্রান্ত আইন এবং এরই প্রয়োগ হিসেবে পাবলিক প্রক্রিউরমেন্ট রুলস্ ২০০৮ নামে গন খাতে ক্রয় বিধিমালা চূড়ান্ত করেছে।		
দরপত্র বাছাই কমিটি গঠন	এ আলোচনায় সভাপতি মহোদয় জানান যে, ২৫,০০০/- টাকার উর্দ্ধে কোন ক্রয় করা হলে তা অবশ্যই দরপত্রের মাধ্যমে ক্রয় করতে হবে। তাই এ দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করার জন্য একটি দরপত্র বাছাই কমিটি	নিম্নোক্ত ভাবে দরপত্র বাছাই কমিটি সর্ব সম্মতিতে গৃহীত হল।	

	গঠন করতে হবে। এখানে উল্লেখ্য করা প্রয়োজন যে, এলজিএসপি-৩ প্রকল্পের আওতায় ২৫,০০০/- (পচিশ হাজার টাকা) উর্দ্ধে যে সকল নির্মান বা সরবরাহ কাজের ক্রয় করা হবে সে সকল ক্ষেত্রে সংশ্লিষ্ঠ ওয়ার্ড কমিটিই দরপত্র বাছাই কমিটির দায়িত্ব পালন করবে। তবে এলজিএসপি প্রকল্পের বাইরে ইউনিয়ন পরিষদের নিজস্ব যে সকল ক্রয় করা হবে ক্রয়ের ক্ষেত্রে (২৫,০০০/- টাকার উর্দ্ধে) অদ্য গঠিত কমিটি দরপত্র বাছাই এর দায়িত্ব পালন করবে। অতপর এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয় ।		

দরপত্র বাছাই কমিটি ঃ

ক্র: নং	নাম	সামাজিক পরিচয়	কমিটিতে পদবী	মন্তব্য
০১	জনাব, মোহাম্মদ জাকির হোসেন	চেয়ারম্যান	সভাপতি	
০২	জনাব, মোঃ সম্রাট আহম্মেদ	ইউপি সচিব	সদস্য সচিব	
০৩	জনাবা, কহিনুর	সংরক্ষিত আসনের সদস্য-৪,৫,৬	সদস্য	
০৪	জনাব, সোহেল মিয়া	সদস্য-৩	সদস্য	
০৫	জনাব, ফিরোজ মিয়া	সদস্য-৬	সদস্য	

ক্রয় ব্যাবস্থা সংক্রান্ত প্রয়োজনীয় সংঙ্গাসমুহ ঃ

বিষয়	সংঙ্গা	উদাহরন
মালামাল	সরঞ্জামাদি, যন্ত্রপাতি, হাতিয়ার এবং কঠিন, তরল কিংবা বায়বীয় যে কোন পদার্থ এর অন্তর্ভূক্ত হবে এবং মালামাল / পন্য/ দ্রব্যাদি হিসেবে বিবেচিত হবে।	এলজিএসপি-৩ এর আওতায় ইউনিয়ন পরিষদের জন্য ক্রয়কৃত অথবা ক্রয়তর কোন চেয়ার,টেবিল, সাইকেল,নোটিশ বোর্ড ইত্যাদি।
নির্মান পূর্ত কাজ / মেরামত	স্কীমের জন্য মোট বরাদ্দের আওতায় ক্রয়কৃত কিংবা ক্রয় করা হবে এমন যে কোন ধরনের নির্মান মেরামত রক্ষনাবেক্ষন বা সংস্কার কাজকে বুঝাবে।	বিভিন্ন নির্মান বা পূর্ত কাজ।
ক্রয় কারী বা স্কীম কর্তৃপক্ষ	ক্রয় করার জন্য দায়িত্ব প্রাপ্ত কর্তৃপক্ষ	ইউপি বা সরকার কর্তৃক নির্ধারিত কর্তৃপক্ষ।
ক্রয় কমিটি	ক্রয়কারী কর্তৃপক্ষ বা ক্রয়কারী কর্তৃপক্ষ হতে দায়িত্ব প্রাপ্ত যে কমিটি ক্রয় প্রক্রিয়া পরিচালনা করবে।	

ক্রয় পদ্ধতি ঃ

ক্র: নং	ক্রয়ের ধরণ	ক্রয়ের আওতায় বিবেচ্চ বিষয়	প্রাক্কলিত মূল্য নির্ধারণ
০১	সরাসরি ক্রয়	মালামাল/ পূর্তকাজ সংগ্রহ	অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ২৫,০০০/= পর্যন্ত
০২	কমিউনিটি ক্রয়	স্থানীয় শ্রম ঘনকাজ (মাটির কাজ বা মেরামত ইত্যাদি)	অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ৫,০০,০০০/= পর্যন্ত
০৩	আরএফকিউ পদ্ধতি	মালামাল/ পূর্তকাজ	অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ৫,০০,০০০/= পর্যন্ত
০৪	উন্মুক্ত ক্রয় পদ্ধতি	মালামাল/ পূর্তকাজ ইত্যাদি ক্রয় বা সংগ্রহের ক্ষেত্রে	অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ১০,০০,০০০/= পর্যন্ত

আরোও উল্লেখ্য থাকে যে, উদ্বুদ্ধ করণ কর্মসূচীর আওতায় প্রচারাভিযান পরিচালনা, সচেতনতামূলক কাজে বছরে ২৫,০০০ টাকার উদ্ধে খরচ করা যাবে না।

উপরে বর্নিত পদ্ধতি ছাড়াও কয়েকটি বিষয় স্মরণ রাখা দরকার যে,ক্ষেত্রবিশেষে সরাসরি ক্রয়য়ের মূল্যসীমার মধ্যে ক্রয় কার্যক্রম সরসরি ক্রয় পদ্ধতি অনুসরন ছাড়াও আরএফকিউ বা কোটেশন ক্রয় পদ্ধতি মাধ্যমে উক্ত ক্রয় করা যেতে পারে কিংবা যেসকল ক্রয় আরএফকিউ এর মাধ্যমে ক্রয় করা যায় তা ওপেন টেন্ডার বা উন্মুক্ত দরপত্রের মাধ্যমে করা যাবে।

ক্রয় পরিকল্পনাঃ

{২০২৩-২০২৪ }

ক্র: নং	ক্রয় করা হবে এমন প্রকল্পের নাম	সম্ভাব্য ব্যায়	মন্তব্য
০১	ইউনিয়ন পরিষদের জন্য আলমারী ক্রয়	২৫,০০০/-	
০২	ইউআইএসসির জন্য আসবাবপত্র ক্রয়	২০,০০০/-	
০৩	ইউনিয়ন পরিষদের বিভিন্ন ফরম ছাপা ও ক্রয়	২০,০০০/-	
০৪	ইউনিয়ন পরিষদের বিভিন্ন প্রকল্প সংশ্লিষ্ট দ্রব্যাদি ক্রয়	২০,০০০/-	
০৫	ইউনিয়ন পরিষদের জন্য বুক সেলফ	১৫,০০০/-	

অতপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি করেন।

০৭.০৭.২০২৪ইং

মোহাম্মদ জাকির হোসেন
চেয়ারম্যান
আলীরটেক ইউনিয়ন পরিষদ
নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ।